Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই আষাঢ় বুধবার ১৩৬৭ ইংরাজী 29th June. 1960 | ৭ম সংখ্যা





ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

C. P. Seavr

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই আষাঢ় বুধবার সন ১৩৬৭ সাল।

## নিমন্ত্রণ প্রত্যাহার

—•—

এক দেশের রাষ্ট্র-প্রধান অন্য দেশের রাষ্ট্র-প্রধানকে নিমন্ত্রণ করেন তাঁহার দেশ পর্য্যটন বা পরিদর্শন জন্য বন্ধুভাবে। নিমন্ত্রণ করিয়া আহ্বান করতঃ যদি বলা হয়—মশায় গো! আপনি আমাদের দেশে আসিবেন না—আমার দেশের সকলের মত নয় যে আপনি আমাদের দেশে আসেন। ইহা কত বড় লজ্জা ও অপমানের কথা উভয় পক্ষের। ইহা অসভ্যতারও চূড়ান্ত। নিমন্ত্রণ করেছিলাম বটে এখন নিমন্ত্রণ বন্ধ করলাম।

আমাদের ভারতের রাষ্ট্রপতি সম্প্রতি রুশ রাজ্য মস্কোতে সোভিয়েটের আহ্বানে গিয়াছেন। আমাদের রাষ্ট্রপতি ইংলণ্ডের রাজ্ঞীকে ভারতে আসিবার জন্য সাদরে নিমন্ত্রণ করিয়া এখন যদি তাঁহাকে ( রাণী এলিজাবেথকে ) ভারতে আসিতে নিষেধ করা হয় তাহা কেমন ভদ্রতা হয়?

মার্কিন প্রেসিডেণ্ট মিঃ আইসেনহাওয়ারের ভাগ্যে শেষে এই ধরণের জাপানী নিমন্ত্রণ জুটিয়াছে—

হালেই দুটি রাষ্ট্র তাঁকে নিমন্ত্রণ জানিয়েছিল তাদের দেশ ভ্রমণের জন্য। আর নিমন্ত্রণ গ্রহণে রাষ্ট্রপতি হিসাবে আইসেনহাওয়ার নিজে আগ্রহ প্রকাশ করেছিলেন। কিন্তু দুটি নিমন্ত্রণই প্রত্যাহৃত হয়েছে। আর কোন মার্কিন রাষ্ট্রপতিকে এই অপমানের সম্মুখীন হতে হয় নি। যে সমস্ত পশ্চিম ইউরোপীয় রাষ্ট্র মার্কিন-মিত্র বলে খ্যাত তারা পাকে প্রকারে আইসেনহাওয়ারের এই বেসামাল অবস্থায় আনন্দই প্রকাশ করেছে। বিভিন্ন দেশের রাজনৈতিক নেতারা প্রায় বলেই ফেলেছেন পয়সার গরমে দিশেহারা হলে এই অবস্থাই হয়।

সোভিয়েট কূটনীতির আক্রমণাত্মক চালে আজ মার্কিনী বৈদেশিক নীতি পরিচালকেরা পশ্চাদপসরণ করছেন। সারা পৃথিবী জুড়ে কোটী কোটী ডলার ব্যয় করার পর মিত্রহীন এই রকম এক ঘরে অবস্থায় আমেরিকার রাজনৈতিক মনস্তত্ব গভীরভাবে আন্দোলিত, বিশেষ করে মার্কিন করুণাভোগী রাষ্ট্রগুলির জনসাধারণের আমেরিকার প্রতি এই অকৃতজ্ঞতা ঐ দেশের কূটনৈতিক মহলকে বিচলিত করেছে। 'সামিট' সভার প্রাক্কালে আইসেনহাওয়ারের রাশিয়া ভ্রমণের নিমন্ত্রণ ছিল। যাবার সব প্রস্তুতিই তিনি প্রায় সম্পূর্ণ করেছিলেন। কিন্তু ক্রুশ্চেভ সেই নিমন্ত্রণ অত্যন্ত অপমানসূচক উক্তি দিয়ে প্রত্যাহার করলেন আর 'সামিট' সভায় যে গালাগালি বর্ষিত হল তাতে বিরাট ঐশ্বর্য আর ক্ষমতাসম্পন্ন আমেরিকার মর্য্যাদা বলে কিছু রইল না। মিত্ররাষ্ট্র ইংলণ্ড আর ফ্রান্স আনন্দে পেছনে হাততালি দিয়েছে। কিন্তু কয়েক দিনের মধ্যে জাপানে যা ঘটে গেল, সেই আঘাত কাটিয়ে ওঠা আমেরিকার পক্ষে এক কঠিন ব্যাপার। জাপান সরকারের তরফ থেকে নিমন্ত্রণ জানান হয়েছিল আইসেনহাওয়ারকে জাপান ভ্রমণের জন্য। এই ভ্রমণোদ্দেশ্যে তিনি দেশ ছেড়ে রওনাও হয়েছিলেন। কিন্তু মাঝপথে সমস্ত ভ্রমণসূচী বানচাল হয়ে গেল। বিরাট জনতার মিছিল মারফৎ জাপান জানিয়ে দিল তারা আমেরিকার বৈদেশিক নীতিকে যুদ্ধের সহায়ক বলে মনে করে আর শান্তিকামী দেশ হিসাবে তারা আমেরিকার যুদ্ধ পরিকল্পনায় যুক্ত হতে চায় না।

আইসেনহাওয়ারের জাপান ভ্রমণের বিরোধিতা তারা করেছে রাষ্ট্রপতির প্রতি কোন আক্রোশে নয়, প্রস্তাবিত জাপ-মার্কিন নিরাপত্তা চুক্তির প্রত্যাহার দাবীতে। লক্ষ লক্ষ শ্রমিক, ছাত্র, সাধারণ মানুষ দেশব্যাপী মিছিল করেছে পুলিশী আক্রমণ অগ্রাহ্য করে এই চুক্তির বিরুদ্ধে। কিন্তু আইসেনহাওয়ারের বিশেষ প্রতিনিধিরা জাপানে এক সরেজমিন তদন্তের পর তাঁদের রাষ্ট্রপতির কাছে বিবরণ দিয়েছেন যে জাপানে যা ঘটছে সবই কয়েকটী মুষ্টিমেয় লোকের প্ররোচনা। দেশের বেশীর ভাগ মানুষ নাকি আইসেনহাওয়ারকে দেখার জন্য অধীর আগ্রহে ব্যাকুল।

এই বিবরণের পর আইসেনহাওয়ার ( তখন ফিলিপাইনে ) জানালেন কয়েকটি কম্যুনিষ্ট দেশদ্রোহীর রাষ্ট্রবিরোধী মিছিলে তিনি তাঁর সর্ব্বশ্রেষ্ঠ মিত্ররাজ্য জাপান ভ্রমণ থেকে বিরত হবেন না। এই ঘোষণার কয়েকদিনের মধ্যে জাপানে প্রতিবাদ এত ব্যাপক আকার ধারণ করল যে প্রধানমন্ত্রী কিশী নিমন্ত্রণ প্রত্যাহার করলেন। কিন্তু যে চুক্তির বিরুদ্ধে জাপানী জনতার এই প্রতিবাদ সে চুক্তি জোর করে জনসাধারণের উপর চাপিয়ে দেওয়ার চেষ্টা চলেছে। মার্কিন সেনেটে এই চুক্তি গত মঙ্গলবারে গৃহীত হয়েছে। জন-সাধারণের মতের বিরুদ্ধে ক্ষমতার জোরে কোন চুক্তি চাপিয়ে দিলে তাতে সুফল হয় না। রাষ্ট্রনীতি পরিচালকেরা ইতিহাসে এর বহু নজীর পেয়েও শিক্ষা গ্রহণ করতে পারেন না আর তাই তাঁদের পরবর্ত্তীকালে দুর্দ্দশার সীমা থাকে না। দেশে ফিরে মার্কিন রাষ্ট্রপতির উচিত তাঁর সমস্ত বিদেশস্থিত উপদেষ্টাদের আচরণ বিশ্লেষণ করা আর যাঁরা তাঁকে নীতি নির্দ্ধারণে সহায়তা করেন তাঁদের জ্ঞান-বুদ্ধি নতুন করে যাচাই করা।

---

## সাপ ও শিশু

বজবজ ডি, এন, ঘোষ রোডে গত ১১ই জুন সকাল ১০ ঘটিকার সময় একটি আট বৎসর বয়স্ক শিশু খেজুর গাছতলায় খেজুর কুড়াইয়া খাইতেছিল এমন সময় একটি সাপ শিশুটীর হাত জড়াইয়া ধরে, সে সাপটিকে ছাড়াইবার চেষ্টা করিলে সাপটি তাহার মুখবিবরে প্রবেশ করে। শিশুটির চীৎকারে আকৃষ্ট হইয়া তাহার আত্মীয়গণ তাহার সাহায্যার্থে ছুটিয়া আসে ও শিশুর মুখে সাপের লেজ দেখিতে পায়—লেজ ধরিয়া সাপকে বাহির করিতে অসমর্থ হইয়া স্থানীয় হাসপাতালে শিশুটিকে লইয়া আসে ও পরে কলিকাতায় হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

---

## সম্ভাব্য প্লেগের আক্রমণ হইতে রক্ষা পাইবার জন্য কয়েকটি নির্দ্দেশ

সর্ব্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে সংবাদ পাওয়া গিয়াছে যে বীরভূম জেলার মুরারই থানায় প্লেগ রোগের প্রাদুর্ভাবের সম্ভাবনা দেখা দিয়াছে। সেইজন্য মুর্শিদাবাদ জেলা বিশেষতঃ মুরারই থানা সংলগ্ন অঞ্চলকে সম্ভাব্য প্লেগের প্রাদুর্ভাব হইতে রক্ষা করিবার জন্য নিম্নলিখিত নির্দ্দেশগুলি পালন করিতে অনুরোধ জানান হইতেছে।

১। কোন বাড়ীতে ইঁদুর মরিবার সঙ্গে সঙ্গেই সেই এলাকার ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট, বি, ডি, ও, স্বাস্থ্যকেন্দ্র, স্বাস্থ্য বিভাগের কোন কর্ম্মচারীকে অথবা স্যানিটারী ইন্সপেক্টারের অফিসে সংবাদ দিতে হইবে এবং সম্ভব হইলে সদর ও মহকুমা স্বাস্থ্য বিভাগে খবর দিতে হইবে।

২। যে গ্রামে ব্যাপকভাবে ইঁদুর মরিবার সংবাদ পাওয়া যাইবে, গ্রামে গৃহ এবং গোয়ালঘর, পাঁচ সের জলের সহিত অর্দ্ধসের ডি, ডি, টি মিশাইয়া ২ ফুট উচ্চ দেওয়ালসহ ঘরের মেঝে বিশোধন করিতে হইবে। নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র বা অফিসে খবর দিবেন।

৩। ইঁদুর মরিলে শুধু হাত দ্বারা স্পর্শ করা উচিত নয়। মরা ইঁদুরের উপর কেরোসিন তৈল ঢালিয়া দিয়া পরে চিমটার সাহায্যে মাটির মধ্যে অন্ততঃ দুই হাত নীচে পুঁতিয়া ফেলিতে হইবে।

৪। যদি কাহারও জ্বরসহ "কুচ্‌কি" অথবা "বগলে গুটি" দেখা যায় তাহা হইলে তৎক্ষণাৎ স্থানীয় চিকিৎসক অথবা স্বাস্থ্যকেন্দ্রের পরামর্শ গ্রহণ করিতে হইবে।

৫। স্বাস্থ্য বিভাগের কর্ম্মীদের নির্দ্দেশ পালন করিবার জন্য এবং প্রয়োজন হইলে প্রতিষেধক ইন্‌জেকসন্ দিতে গেলে জনসাধারণকে সহযোগিতা করিতে অনুরোধ করা যাইতেছে।

স্বাঃ- এস, আর, দাশগুপ্ত

চীফ্ মেডিক্যাল অফিসার অফ্ হেল্‌থ,

মুর্শিদাবাদ। বহরমপুর ৩।৬।১৯৬০

## সরকারী বিজ্ঞপ্তি

যে সকল ব্যক্তি ১। পাব্লিক ক্যারিয়ার এর পারমিট ও ষ্টেজ ক্যারেজ ও পাব্লিক ক্যারিয়ার এর পারমিট রিনিউ করিবার জন্য, ২। অটো-রিক্সার ক্ষেত্রে কন্‌ট্রাক্ট ক্যারেজ এর পারমিটের জন্য ও ৩। ট্যাক্সির পারমিটের জন্য দরখাস্ত করিয়াছেন তাঁহাদিগের নামের তিনটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসের নোটিস বোর্ডে এবং সেইসঙ্গে জেলার প্রত্যন্তবর্ত্তী মহকুমা আধিকারিকদের নোটিস বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন বক্তব্য থাকিলে তাহা এই নোটিস প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করিতে হইবে। দরখাস্তগুলি ও প্রাপ্ত বক্তব্যগুলির বিবেচনার দিন, সময় ও স্থান যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানান হইবে। রাধারঘাট—মোরগ্রাম ভায়া সাগরদীঘি রুটের ষ্টেজ ক্যারেজ এর পারমিটধারী শ্রীবিমলকুমার মিত্র রাধারঘাট—মোরগ্রাম ভায়া সাগরদীঘি ও রতনপুর রুট রঘুনাথগঞ্জ পর্য্যন্ত সম্প্রসারণের জন্য আবেদন করিয়াছেন এবং গোয়ালজানঘাট—পঞ্চগ্রাম ভায়া খাগড়াঘাট রেলষ্টেশন, নওদাপাড়া, পালসন্দা ও নবগ্রাম রুটের পারমিটধারী শ্রীওসমান মণ্ডল মোরগ্রাম পর্য্যন্ত ঐ রুটটির সম্প্রসারণের জন্য আবেদন করিয়াছেন। এই সম্পর্কে কোন বক্তব্য থাকিলে তাহা এই নোটিস প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করিতে হইবে। প্রাপ্ত বক্তব্যগুলির বিবেচনার দিন, সময় ও স্থান যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানানো হইবে। ১৯৫৭ সালের ৩রা জুন তারিখে প্রকাশিত কন্‌ট্রাক্ট ক্যারেজ এর দরখাস্ত অগ্রাহ্যের বিষয়ের বিজ্ঞপ্তির সংশোধন প্রকাশ করিয়া সাধারণকে জানানো হইতেছে যে, এখন হইতে কন্‌ট্রাক্ট ক্যারেজরূপে চালাইবার জন্য ট্যাক্সির পারমিট সকল নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। স্বাঃ- শ্রী পি, কে, দে—সচিব, বহরমপুর আঞ্চলিক পরিবহন প্রাধিকার।

## রাষ্ট্রভাষার পরীক্ষার ফলাফল

জংগীপুর মহকুমা রাষ্ট্রভাষা প্রচার সমিতি পরিচালিত রঘুনাথগঞ্জ কেন্দ্রের গত এপ্রিল মাসে অনুষ্ঠিত রাষ্ট্রভাষার বিভিন্ন পরীক্ষার ফলাফল নিম্নে দেওয়া হইল :—

প্রাথমিক ১ম বিভাগ— (১) নুরুল ইসলাম (২) উপেন্দ্রনাথ মণ্ডল।

২য় বিভাগ— (১) হরেরাম পাল (২) তপনকুমার মজুমদার (৩) রাজকুমার দাস (৪) শিবশঙ্কর পাণ্ডে (৫) সাধনকুমার মণ্ডল।

প্রারম্ভিক ১ম বিভাগ—গঙ্গেশকুমার বন্দ্যোপাধ্যায়।

২য় বিভাগ— (১) চিত্তরঞ্জন দাস (২) বৈদ্যনাথ দত্ত (৩) মোজাম্মেল হক (৪) মাণিকচন্দ্র দাস (৫) শুভাংশুশেখর চক্রবর্ত্তী

৩য় বিভাগ— বীরেন্দ্রকুমার মুখোপাধ্যায়

প্রবেশ ২য় বিভাগ— মৃগাঙ্কশেখর চক্রবর্ত্তী

৩য় বিভাগ— মাণিকচন্দ্র সাহা

শ্রীসুরেন্দ্রনাথ পাণ্ডে, প্রচারক

জংগীপুর রাষ্ট্রভাষা প্রচার সমিতি।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই জুলাই ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৬৬ খাং ডিঃ গোবিন্দলাল দাস দিং দেং রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দাবি ৪১৪ টাকা ৫ নঃ পঃ থানা সুতি মৌজে ইচলিপাড়া ৯৭ শতকের কাত ১৬২৲ আঃ ৩০০৲ খং ২৯৬৫ আদালতের মূল্য ৪২৫৲

১৯৬০ সালের ডিক্রীজারী

২৯ মনি ডিঃ কিশনচন্দ্র দাস দেং গোপালচন্দ্র দাস দাবি ৯১ টাকা ১৯ নঃ পঃ থানা সুতি মৌজে খিদিরপুর ১০।৷০ শতকের হারাহারি জমা ।/০ খং ৪২ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ৬ শতকের হারাহারি জমা ৵০ খং ১২ ঐ স্বত্ব আদালতের মূল্য ১নং লাট ৬০৲ ২নং লাট ৪০৲





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়াকর্স

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমাশিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।